গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে
পার্সোনেল-৩ শাখা
রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.০০৬.১১.০০৪.২২-২৬৪ তারিখ : ২৬ জুন, ২০২৫ খ্রি.।

নিয়োগাদেশ

বাংলাদেশ রেলওয়ের 'বিভাগীয় নির্বাচন কমিটি' র ০১/০৬/২০২৫ তারিখের পত্র নং- ৫৪.০১.২৬০০.০০৮.১১.০১৬.২৩ (পার্ট-১)-৪২ অনুযায়ী নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) জন প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩ তম গ্রেডে (বেতনক্রম ১১০০০-২৬৫৯০/-) "ফিল্ড কানুনগো" রাজস্বখাতভুক্ত পদে অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্তস্বাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো এবং পদায়নের জন্য মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী এর অধীনে ন্যস্ত করা হলো :

| ক্রমিক নং | রোল নং | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদায়নের জন্য ন্যস্ত কার্যালয় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | ১৪০০০০৩৪ | ইদ্রিস আলী<br>পিতা : জিয়াদ আলী গাজী<br>মাতা : ফজিলা বেগম | গ্রাম : কৈয়াসিটিবুনিয়া<br>ডাকঘর : চাঁদখালী<br>উপজেলা : পাইকগাছা<br>জেলা : খুলনা | মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম। |
| ২. | ১৪০০০০৯৮ | মোঃ আবু বাক্কার<br>পিতা : মোঃ তরিফ উদ্দীন শেখ<br>মাতা : মোছা: আকলিমা বিবি | গ্রাম : বোয়ালিয়া<br>ডাকঘর : হাট দামনাশ<br>উপজেলা : বাগমারা<br>জেলা : রাজশাহী | মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী। |
| ৩. | ১৪০০০২১৭ | মোঃ সিদ্দিকুর রহমান<br>পিতা : মোঃ আনছার আলী<br>মাতা : জীবন নেছা | গ্রাম : বিনশিরা<br>ডাকঘর : ছাতিনালী<br>উপজেলা : পাঁচবিবি<br>জেলা : জয়পুরহাট | মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী। |
| ৪. | ১৪০০০৭৬৭ | মোঃ আবুজার গাফফারী<br>পিতা : মোঃ আবুল কাশেম<br>মাতা : মোছাঃ দিলেজা বেগম | গ্রাম : সুবিদ<br>ডাকঘর : চৌধুরাণী<br>উপজেলা : পীরগাছা<br>জেলা : রংপুর | মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী। |
| ৫. | ১৪০০০৭৮৭ | বিপ্লব কুমার রায়<br>পিতা : সুকুমার রায়<br>মাতা : অঞ্জনা রায় | গ্রাম : বানিয়ারী<br>ডাকঘর : খরসূতী<br>উপজেলা : বোয়ালমারী<br>জেলা : ফরিদপুর | মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম। |

শর্তাবলীঃ

১। চাকরিতে যোগদানের সময় প্রার্থীকে বিভাগীয় চিকিৎসা কর্মকর্তার কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা/রাজশাহী/ সিআরবি, চট্টগ্রাম অথবা সিভিল সার্জন এর নিকট হতে স্বাস্থ্যগত সনদপত্র সংগ্রহপূর্বক দাখিল করতে হবে।

২। কোন প্রার্থী স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত বিবেচিত হলে কোন কারণ দর্শানো ছাড়াই নিয়োগপত্র বাতিল হিসেবে গণ্য করা হবে।

৩। প্রার্থীর চারিত্রিক ও পূর্ব-কার্যকলাপ সম্পর্কে পুলিশ ভেরিফিকেশন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে।

৪। কোন প্রার্থী পুলিশ ভেরিফিকেশনে অনুপযুক্ত বিবেচিত হলে কোন কারণ দর্শানো ছাড়াই এ নিয়োগপত্র বাতিল হিসেবে গণ্য করা হবে।

৫। কোন প্রার্থীর দাখিলকৃত সনদ/কাগজপত্রাদি ভবিষ্যতে ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে এ নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। কোন প্রার্থী বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত সময়ে চাকরিতে যোগদানের পূর্বে এ সংক্রান্ত ৩০০/-(তিনশত) টাকার একটি নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বন্ড সম্পাদন করে দাখিল করতে হবে।

৭। চাকরিতে যোগদানের পর প্রথম ০২ (দুই) বছর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকালে যে কোন প্রার্থীকে চাকরিতে বহাল রাখা অনুপযোগী বলে বিবেচনা করা হলে কোন কারণ দর্শানো ছাড়াই প্রার্থীকে চাকরিচ্যুতি করা যাবে অথবা শিক্ষানবিশকাল বৃদ্ধি করা যাবে।

৮। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভাগীয় প্রশিক্ষণ সম্পন্ন না করলে এবং পরীক্ষায় উত্তীর্ণ না হলে কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ীকরণ করা হবে না।

৯। এ নিয়োগপত্রের ফলে স্থায়ী চাকরির জন্য দাবী করা যাবে না। যে কোন সময় কোন কারণ দর্শানো ছাড়াই ১৫ (পনের) দিনের নোটিশে প্রার্থীকে চাকরি হতে বরখাস্ত/অপসারণ করা যাবে।

১০। কোন প্রার্থী স্বেচ্ছায় চাকরি ত্যাগ করলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাতে হবে। এ ক্ষেত্রে তার সর্বশেষ আহরিত ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে।

১১। এ নিয়োগপত্রে সুস্পষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত ও সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১২। কোন প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৩। চাকরিতে যোগদানের সময় প্রার্থীকে পরীক্ষার মূল প্রবেশপত্রের ফটোকপি, আবেদনকপি, প্রার্থীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদের ফটোকপি, শিক্ষাগত সনদের ফটোকপি, রঙ্গিন ছবি পাসপোর্ট সাইজ ০২ কপি এবং কোটা সনদের ফটোকপির ০১ সেট সত্যায়িত করে জমা দিতে হবে।

১৪। চাকরিতে যোগদানের সময় কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। উপরোক্ত শর্তাবলীর আলোকে এ নিয়োগপত্র গ্রহণে সম্মত হলে প্রার্থী আগামী ২১/০৭/২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ে ০৫ নং কলাম অনুযায়ী মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম এবং মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী বরাবর যোগদান পত্র দাখিল করবেন।

১৬। কোন প্রার্থী নিয়োগপত্রে নির্ধারিত সময়সীমার মধ্যে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

১৭। নিয়োগপত্র বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট (www.railway.gov.bd) থেকে ডাউনলোড করে স্ব-স্ব পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে পারবেন।

১৮। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

২৬.০৬.২৫

(পলাশ কুমার সাহা)
উপপরিচালক/পার্সোনেল-৩
email : dde3@railway.gov.bd

নং-৫৪.০১.০০০০.০০৬.১১.০০৪.২২-২৬৪

তারিখ : ২৬ জুন, ২০২৫ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৩। অতিরিক্ত মহাপরিচালক (আই, আরএস, অপাঃ, এমএন্ডসিপি, অর্থ ও উন্নয়ন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৪। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী ,বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (নিয়োগ আদেশ বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা ও আহবায়ক, বিভাগীয় নির্বাচন কমিটি (ফিল্ড কানুনগো পদে উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগ আদেশ ও যোগদান সংক্রান্ত তথ্য টেলিটক এর মাধ্যমে অবহিত করার জন্য এসএমএস প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।

৬। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
৭। এফএএন্ডসিএও (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
৮। যুগ্ম-মহাপরিচালক (পার্সোনেল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৯। সিইও (পূর্ব ও পশ্চিম),বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
১০। সিএমও (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
১১। সিপিও (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
১২। সিভিল সার্জন, সকল জেলা।

২৬.০৬.২৫
(পলাশ কুমার সাহা)
উপপরিচালক/পার্সোনেল-৩
email : dde3@railway.gov.bd